# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali TextBulletin

**05-04-2026** **Time: 7.35 AM**

**বিশেষ বিশেষ খবর –**

১) বরিষ্ঠ বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কোচবিহার থেকে রাজ্যের দলের নির্বাচনী প্রচার প্রচার শুরু করবেন।

২) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর উপস্থিতিতে ভবানীপুর বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারীর রোডশো এবং মনোনয়ন পর্বের সময় নিরাপত্তা ব্যবস্থায় গাফিলতির অভিযোগে চার পুলিশ আধিকারিককে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন।

# একটি নির্দিষ্ট রাজনৈতিক দলের হয়ে কাজকর্ম করার অভিযোগে পানিহাটি বিধানসভা কেন্দ্রের সেক্টর এসিস্টেন্ট অতনু চক্রবর্তীকে কমিশন কারণ দর্শানোর নোটিশ দিয়েছে।

৩) পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের জন্য বিজেপি পঞ্চম প্রার্থী তালিকা প্রকাশ করেছে। তিনটি কেন্দ্রে প্রার্থি বদল করা হয়েছে।

৪) অভিনেতার রাহুল অরুণোদয় ব্যানার্জীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় আর্টিস্ট ফোরামের তরফে গতকাল রিজেন্ট পার্ক থানায় এফআইআর করা হয়েছে। তালাসারি থানাতেও দায়ের করা হবে অভিযোগ।

৫) আজ ইস্টার। প্রভু যীশুর পুনরুত্থান দিবস।

---

রাজ্যে বিধানসভা নির্বাচনের দিনক্ষণ এগিয়ে আসার সঙ্গে সঙ্গে জোরকদমে শুরু হয়েছে প্রচারাভিযান। বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কোচবিহার থেকে রাজ্যে দলের নির্বাচনী প্রচার শুরু করবেন। ঐতিহাসিক রাস মেলা ময়দানে এজন্য বিজয় সংকল্প সভার আয়োজন করা হয়েছে। দুপুর তিনটে নাগাদ কোচবিহার বিমানবন্দর থেকে সড়ক পথে সভাস্থলে যাবেন তিনি। সভাকে ঘিরে জোরদার করা হয়েছে নিরাপত্তা ব্যবস্থা। প্রধানমন্ত্রীর নিরাপত্তা দল এবং স্পেশাল প্রোটেশন গ্রুপ, এস পি জি-র আধিকারিকরা ইতমধ্যেই সভাস্থলে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখেছেন। সম্পন্ন হয়েছে সেনাবাহিনীর হেলিকপ্টারের ট্রায়াল ল্যান্ডিংও। জানা গেছে, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার ১৩-টি বিধানসভা কেন্দ্রের প্রার্থীদের সমর্থনে এই জনসভার আয়োজন করা হয়েছে।

তৃণমূল কংগ্রেস সুপ্রিমো, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল মালদায় একাধিক জনসভা করেন। প্রতিটি মঞ্চ থেকেই মমতা ব্যানার্জী, কেন্দ্রে বিজেপি সরকারের তীব্র সমালোচনা করেছেন। এস আই আর-এর ফলে বিরাট সংখ্যক ভোটারের নাম বাদ

গেলেও মানুষের কণ্ঠ রোধ করা যাবে না বলে স্পষ্ট জানান তিনি। মালদায় এন আই তদন্তেরও সমালোচনা করেছেন তিনি।

(বাইট – মমতা)

অন্যদিকে, বহরমপুরে ভোট প্রচারের সময় গতকাল তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকরা কংগ্রেস প্রার্থী অধীররঞ্জন চৌধুরীকে বাধা দিলে ব্যাপক উত্তেজনা ছড়ায়। দু-পক্ষের মধ্যে শুরু হয় বচসা ও ধাক্কাধাক্কি। বেশ কয়েকজন কংগ্রেস কর্মীও আহত হয়েছেন বলে জানা গেছে। অধীরবাবুর অভিযোগ, বহরমপুর পুরসভার ১৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার বিশ্বদেব কর্মকারের নেতৃত্বে তৃণমূল কংগ্রেস সমর্থিত দুষ্কৃতিরা এই হামলা চালিয়েছে। এরপরই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে ই-মেলে অভিযোগ দায়ের করেছেন অধীরবাবু। তিনি জানান, পরিস্থিতি যেমন হবে সেই অনুযায়ী পদক্ষেপ করতে দল প্রস্তুত।

(বাইট – অধীর)

এদিকে, রাজ্যের বিভিন্ন জায়গা থেকে শাসক দলের বিরুদ্ধে ভোটারদের ভয় দেখানো এবং হুমকি দেওয়ার অভিযোগ আসছে। বহরমপুরে তৃণমূল কংগ্রেস নেতা রাজু মন্ডলকে গ্রেফতারের পর গতকাল সকালে তাকে ব্যক্তিগত জামিনে ছেড়ে দেওয়া হয়।

এরপরই আবারও তার বিরুদ্ধে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে। ঘটনার ২৪ ঘণ্টার মধ্যে কিভাবে তিনি ছাড়া পেলেন, তা নিয়ে ইতিমধ্যেই প্রশ্ন উঠতে শুরু করেছে।

দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং দেউলি এক নম্বর গ্রাম পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেস প্রধান হাফিজুল মোল্লাকে একই অভিযোগে গ্রেফতার করেছে পুলিশ।

----------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে রাজ্যের বিরোধী দলনেতা তথা ভবানীপুর বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারীর রোডশো এবং মনোনয়ন পর্বের সময় নিরাপত্তা ব্যবস্থায় গাফিলতির অভিযোগে চার পুলিশ আধিকারিককে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন। এরা হলেন, কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার (ডিসি-II) সিদ্ধার্থ দত্ত, আলিপুর থানার ওসি প্রিয়ঙ্কর চক্রবর্তী, অতিরিক্ত ওসি চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় এবং সার্জেন্ট সৌরভ চট্টোপাধ্যায়। এই চার আধিকারিককে অবিলম্বে সাসপেন্ড করার পাশাপাশি তাঁদের বিরুদ্ধে বিভাগীয় তদন্তও শুরু করারও নির্দেশ দিয়েছে কমিশন। এক চিঠিতে বলা হয়েছে, পুলিশ প্রশাসন ভবানীপুর কেন্দ্রে বিজেপি প্রার্থীর রোডশো ও মনোনয়ন চলাকালীন আইনশৃঙ্খলা পরিস্থিতি সামাল দিতে ব্যর্থ হওয়ায় এই পদক্ষেপ।

একইসঙ্গে সংশ্লিষ্ট পদগুলি দ্রুত পূরণের জন্য রাজ্য সরকারকে প্রস্তাব পাঠাতে বলা হয়েছে। কমিশনের নির্দেশ, আজ সকাল ১১টার মধ্যে এই বিষয়ে রিপোর্ট জমা দিতে হবে।

----------------

নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গের পানিহাটি বিধানসভা কেন্দ্রের সেক্টর অ্যাসিস্ট্যান্ট অতনু চক্রবর্তীকে কর্তব্যে অবহেলা ও দুর্ব্যবহার করার দায়ে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে। তিনি একটি নির্দিষ্ট দলের হয়ে কাজকর্ম করছিলেন বলে অভিযোগ। এর পাশাপাশি মুর্শিদাবাদ জেলার বহরমপুরের ইন্সপেক্টর ইন চার্জের বিরুদ্ধেও কর্তব্যে গাফিলতির দায়ে ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া শুরু হয়েছে। প্রবীণ কংগ্রেস নেতা অধীর চৌধুরীর নির্বাচনী প্রচার চলাকালীন তাঁকে বেআইনিভাবে বাধা দেওয়া হয়েছিল। এ ব্যাপারে অধীরবাবু কমিশনে অভিযোগ দায়ের করেছিলেন। এই ঘটনায় কয়েকজন তৃণমূল নেতার বিরুদ্ধেও কমিশন ব্যবস্থা নিতে চলেছে।

----------------

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের জন্য বিজেপি গতকাল পঞ্চম প্রার্থী তালিকা প্রকাশ করেছে। কৃষ্ণনগর উত্তর কেন্দ্রে তারকনাথ চট্টোপাধ্যায়, কল্যাণী সংরক্ষিত আসনে অনুপম বিশ্বাস, দমদম উত্তরে সৌরভ শিকদার, মধ্যমগ্রামে অনিন্দ্য

রাজু বন্দ্যোপাধ্যায় এবং উলুবেড়িয়া পূর্ব আসনে রুদ্র প্রসাদ বন্দ্যোপাধ্যায় কে প্রার্থী করা হয়েছে।

এছাড়া,বসিরহাট উত্তর, বিষ্ণুপুর সংরক্ষিত আসন এবং বেহালা পুর্বে ঘোষিত প্রার্থীদের নাম পরিবর্তন করেছে বিজেপি। পরিবর্তিত প্রার্থী তালিকা অনুযায়ী বসিরহাট উত্তর আসনে কৌশিক সিদ্ধার্থ, বিষ্ণুপুর সংরক্ষিত আসনে অভিজিৎ সর্দার এবং বেহালা পূর্ব আসনে শঙ্কর শিকদার দলের হয়ে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

---------------

রাজ্যে বিধানসভা নির্বাচন ঘোষণার সঙ্গেই শুরু হয়েছে জোরদার প্রস্তুতি। কোচবিহার জেলাও তার ব্যতিক্রম নয়। ভোটের দিন এগিয়ে আসায়, জেলায় বাড়ছে নির্বাচনী উত্তাপ। এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

একটি প্রতিবেদন-ভিসি

---------------

অভিনেতার রাহুল অরুণোদয় ব্যানার্জীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় আর্টিস্ট ফোরামের তরফে গতকাল রিজেন্ট পার্ক থানায় এফআইআর করা হয়েছে। রাহুলের স্ত্রী প্রিয়াঙ্কা সরকার, ফোরামের তরফে প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, যীশু সেনগুপ্ত, ঋতুপর্ণা

সেনগুপ্ত, বিদীপ্তা চক্রবর্তী, চিরঞ্জিত সহ বহু অভিনেতা অভিনেত্রী থানায় এসেছিলেন। ফোরামের সম্পাদক শান্তিলাল মুখোপাধ্যায় জানিয়েছেন, ঘটনার সঠিক তদন্তের দাবিতে এই পদক্ষেপ নেওয়া হলো।

এদিকে, রাহুলের স্ত্রী তালসারি থানাতেও অভিযোগ করবেন বলে জানা গেছে। অন্যদিকে, গতকাল বিকেলে টালীগঞ্জে ছোট ও বড় পর্দার পরিচালক, অভিনেতা অভিনেত্রী ও কলাকুশলীরা প্রকৃত ঘটনার তদন্ত চেয়ে পদযাত্রায় সামিল হন।

উল্লেখ্য, গত ৩০ সে মার্চ তালসারিতে একটি সিরিয়ালের শুটিং চলাকালীন রাহুলের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে বহু বিতর্ক তৈরি হয়েছে।

---------------

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের বিভিন্ন সেকশনে রক্ষণাবেক্ষণের কাজের জন্য আজ ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। হওড়া থেকে ১৯ টি, ব্যান্ডেল ও বর্ধমান থেকে ৭, কায়োটা থেকে ৩, মেমারি ও চন্দনপুর থেকে ২ এবং পান্ডুয়া আজিমগঞ্জ, শিয়ালদা ও বারুইপাড়া থেকে একটি করে ট্রেন বাতিল থাকছে।

---------------

রাজ্যে আজ থেকে তাপমাত্রা কিছুটা কমার সম্ভাবনা রয়েছে। আগামী দুদিন বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে। মঙ্গলবার থেকে বাড়বে বৃষ্টির পরিমাণ।

এদিকে, আলিপুরে গতকাল সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৬ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় দেড় ডিগ্রী বেশি। তবে আজ থেকে তাপমাত্রা সামান্য কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

---------------

আজ ইস্টার। খ্রিস্টান ধর্ম মতে ক্রুশ বিদ্ধ হওয়ার পর প্রভু যীশুর পুনরুত্থান বা পুনরআবির্ভাব ঘটে দিনটিতে। খ্রিস্ট ধর্ম মতে ইস্টার মানবজাতির জন্য নতুন দিনের আগমনকে সূচিত করে। প্রভু যীশু নতুন জীবন লাভ করেন। ইস্টার উপলক্ষে বিশ্বজুড়ে খ্রিস্ট ধর্মাবলম্বীরা প্রভু যীশুর উপাসনা প্রার্থনা করেন।

রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি ইস্টার উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

--------------- ---------------